

শুধু একটি গণ্ডুষ জল,  
আহা নিলেন তাঁহার করপুটের কমলকলিকায় ।  
আমার কুপ যে হল অকুল সমুদ্র—  
এই যে নাচে এই যে নাচে তরঙ্গ তাহার,  
আমার জীবন জুড়ে নাচে—  
টলোমলো করে আমার প্রাণ,  
আমার জীবন জুড়ে নাচে ।  
ওগো কী আনন্দ, কী আনন্দ, কী পরম মুক্তি !  
একটি গণ্ডুষ জল—  
আমার জন্মজন্মান্তরের কালি ধুয়ে দিল গো  
শুধু একটি গণ্ডুষ জল ॥

---

Parjaay: Chandalika, Taal: Teyora, Style: Kirtan  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail